গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর: ৫২.০১.০০০০.০০০.১০১.২৫.০০৪৮.২৫. ১১২২

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী BIGM-SICIP Program, Finance Division, Ministry of Finance এর ২৮ মার্চ ২০২৬ খ্রি. তারিখের বিআইজিএম/এসআইসিআইপি/এস-১/২০২৪-২০২৮/২০২৬-১২১ সংখ্যক পত্র মোতাবেক কোর্সটিতে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণ আগামী ০৭ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

০২/০৪/২০২৬

মো: আরিফুল ইসলাম
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০২-৫৫০০৭০৬৮
ই-মেইল: dir_fa&mis@bbs.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল) ........................................................................................ উইং, বিবিএস, ঢাকা (অধীন ৬ষ্ঠ গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ-কে অবহিত করার অনুরোধসহ)।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৩) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল) ....................................................... (অধীন ৬ষ্ঠ গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ-কে অবহিত করার অনুরোধসহ)।
(০৪) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৫) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৬) অফিস কপি।

পরিচালকের দপ্তর
কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা
ডাইরী নম্বর ২৫৩১
তারিখ ৭/৪/২৬
পরিচালক

BIGM

**BIGM-SICIP Program**

Finance Division, Ministry of Finance

পত্র সংখ্যা: বিআইজিএম/এসআইসিআইপি/এস-১/২০২৪-২০২৮/২০২৬-১২১ তারিখ: [illegible] মার্চ ২০২৬

বিষয়: **"Rise to Lead: Developing Future Leaders" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে কর্মকর্তা মনো[illegible]**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার্বিক জনপ্রশাসন ও সংশ্লিষ্ট বেসরকারি খাতের কর্মকর্তাদের [illegible] উন্নততর দক্ষতা ও মননশীলতার স্ফুরণ ঘটানোর উদ্দেশ্যে **অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)** প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM)-এ **Rise to Lead: Developing Future Leaders শীর্ষক ৩ সপ্তাহ** মেয়াদি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হচ্ছে। BIGM-SEIP এবং BIGM-SICIP প্রকল্পের আওতায় অনুষ্ঠিত **Rise to Lead: Developing Future Leaders** কোর্সের ২টি ব্যাচে ৬২ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। SICIP প্রকল্পের আওতায় BIGM-এ **Rise to Lead: Developing Future Leaders** শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচের প্রশিক্ষণ **আগামী ২ মে ২০২৬ হতে শুরু হবে।**

২। প্রশিক্ষণ কোর্সটির মেয়াদ ৩ (তিন) সপ্তাহ। উক্ত সময়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদেরকে বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/বিভাগ/প্রতিষ্ঠানের দীর্ঘ-মেয়াদি লক্ষ্য অর্জনের জন্য গতিশীল, ইতিবাচক, কার্যকরী, সংস্কারমুখী, এবং দূরদর্শী নেতৃত্বের বিভিন্ন দিক সম্পর্কে ধারণা দেওয়া হবে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও দক্ষতা ব্যবহার করে প্রত্যেক প্রশিক্ষণার্থী নির্দিষ্ট একটি ইস্যুর উপর "Problem Solving Strategy" প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন করবেন এবং অভিজ্ঞ প্যানেল সদস্যবৃন্দ প্রতিবেদনটি মূল্যায়ন করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান ও ক্লাস অধিবেশনে অংশগ্রহণের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে। এখানে উল্লেখ্যঃ

ক) কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের BCS ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন।

খ) BIGM কর্তৃক পরিচালিত Policy Analysis, Strategic Management, Rise to Lead: Developing Future Leaders এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সের মধ্যে যাঁরা ইতিপূর্বে একাধিক কোর্স সম্পন্ন করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

গ) কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।

ঘ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি কর্মদিবসে যাতায়াত ভাতা হিসেবে ৬০০ টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে।

ঙ) প্রশিক্ষণার্থীকে বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি প্রদান করতে হবে না।

চ) মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ৩ (তিন) সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mopa.gov.bd) **গত ৯ মার্চ ২০২৬ তারিখে "সর্বশেষ খবর"** শিরোনামের অধীন প্রকাশিত বিজ্ঞপ্তিতে উক্ত কোর্সে আবেদনের বিস্তারিত তথ্যাদি জানা যাবে। এ সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি ও আবেদন ফরম প্রেরণ করা হলো।

৪। দক্ষ মানবসম্পদ গঠনপূর্বক প্রতিষ্ঠানের গতি সঞ্চারকল্পে আপনার প্রতিষ্ঠানের মধ্য সোপানের উপযুক্ত কর্মকর্তাদের **আগামী ১৯ এপ্রিল ২০২৬** তারিখের মধ্যে মনোনয়ন প্রদানক্রমে তালিকা **পরিচালক, বিআইজিএম, আগারগাঁও, ঢাকা** বরাবর প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশিস দাশের সাথে মোবাইল নং ০১৯৩২৬৯৮৪৭২-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

সংলগ্নী: বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(ড. সুলতান আহমেদ)
পরিচালক
বিআইজিএম

**মহাপরিচালক**
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

**Bangladesh Institute of Governance and Management (BIGM)**
E-33, Syed Mahbub Morshed Sarani, Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207
E-mail: bigm.sicip@bigm.edu.bd; Web: www.bigm.edu.bd; PABX: +88-02-22337404O-44; Extn: 127, 159

বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)
BIGM-SICIP প্রকল্প
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

# বিজ্ঞপ্তি

**বিষয়: অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে SICIP প্রকল্পের আওতায় BIGM-কর্তৃক আয়োজিত 'Rise to Lead: Developing Future Leaders' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত ৩ (তিন) সপ্তাহ মেয়াদী 'Rise to Lead: Developing Future Leaders' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচ আগামী ২ মে ২০২৬ তারিখ হতে BIGM, ই-৩৩, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে আরম্ভ হবে।

২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| | |
|---|---|
| (ক) | উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কমকর্তাগণ (বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন; |
| (খ) | "Rise to Lead: Developing Future Leaders" কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM -এ অনুষ্ঠিত Policy Analysis, Strategic Management, এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন। |
| (গ) | কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। |
| (ঘ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা বাবদ ৬০০ টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে। |
| (ঙ) | মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ৩ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন। |

৩। আগ্রহী কর্মকর্তাগণকে **আগামী ১৯ এপ্রিল ২০২৬ তারিখের** মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **পরিচালক, বিআইজিএম**, আগারগাঁও, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশীস দাস, মোবাইল নং ০১৯৩২৬৯৮৪৭২ এর সাথে যোগাযোগ করা যাবে।

০২/০৬/২৬

(বণিক গৌর সুন্দর)
প্রোগ্রাম ডিরেক্টর
BIGM-SICIP
ই-মেইলঃ banik.gour@bigm.edu.bd

বরাবর

পরিচালক

বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)

আগারগাঁও, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম ডিরেক্টর, BIGM-SICIP।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: **Rise to Lead: Developing Future Leaders** প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে অংশগ্রহণের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Rise to Lead: Developing Future Leaders' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | : | |
| ২। | জন্ম তারিখ | : | |
| ৩। | বয়স (৩০ এপ্রিল ২০২৬) | : | |
| ৪। | চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | ক্যাডারের নাম ও ব্যাচ | : | |
| ৬। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ৭। | BIGM -এ অনুষ্ঠিত Policy Analysis/ Strategic Management/Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ | : | |
| ৮। | মোবাইল নম্বর | : | |
| ৯। | ই-মেইল | : | |

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ